



Department of
Education

Chancellor Richard A. Carranza

নভেম্বর 2019

প্রিয় পরিবারবর্গ,

ডিপার্টমেন্ট অভ এডুকেশনে, আমাদের শিক্ষার্থীদের নিরাপদ এবং স্বাস্থ্যকর রাখা আমাদের সর্বোচ্চ অগ্রাধিকার, যেন তারা প্রতিটি স্কুলে প্রতিদিন শেখায় সম্পৃক্ত হতে পারে। সিটিজুড়ে স্কুল ভবনগুলোতে সীসা দূরীকরণে ডিপার্টমেন্ট অভ এডুকেশনের আগ্রাসী প্রয়াস সম্পর্কে সর্বশেষ তথ্য জানাতে আজ আমরা এই বার্তা লিখছি।

তত্ত্বাবধায়কগণ (কাস্টোডিয়ান) আমাদের স্কুল কমিউনিটির অবিচ্ছেদ্য অংশ, এবং আমাদের স্কুলে প্রতিদিন আসছেন। তারা চাক্ষুষভাবে প্রতিনিয়ত দেয়ালের রং (পেইন্ট) উঠে আসছে কিনা তা পর্যবেক্ষণ করে, এবং অনুষ্ঠানিকভাবে লিপিবদ্ধ করার জন্যে এই গ্রীষ্মে এই পর্যবেক্ষণ আবার করা হয়েছে। এই বছরের স্কুলের প্রথমদিনের মধ্যে, আমরা সফলভাবে পরীক্ষা করেছি এবং ছয় বছরের কম বয়সী ছেলেমেয়েদের ক্লাসরুমগুলোতে দেয়ালের রং (পেইন্ট) উঠে আসা পর্যবেক্ষণ করেছি, এবং যেকোন প্রয়োজনীয় উঠে আসা রং সমাধান করেছি।

এছাড়াও, এই ফল বা হেমন্তকালে আমরা ক্যাফেটেরিয়া এবং লাইব্রেরিতে কাজ শুরু করেছি, এবং এই স্থানগুলো প্রয়োজন অনুযায়ী স্থিতিশীল (স্ট্যাবিলাইজ) করছি। স্থিতিশীলতা (স্ট্যাবিলাইজ) হচ্ছে EPA- এবং NYC ডিপার্টমেন্ট অভ হেলথ-অনুমোদিত উঠে আসা রং অপসারণ, ঢাকা, এবং পুনরায় রং করার প্রক্রিয়া। দেয়ালের ক্ষতিগ্রস্ত স্থানগুলো ঢাকা এবং উঠিয়ে নেয়া রোধ করার মাধ্যমে, কম বয়সী ছেলেমেয়েদের এই এলাকাগুলোতে নিরাপদ রাখে। উপশম সফল হয়েছে বলে ধরে নেয়া হয় যখন মোছা ধুলোর নমুনা নিশ্চিত করে যে ঐ কক্ষটি দীর্ঘমেয়াদে নিরাপদ তখন।

আমাদের মনোনিবেশ সবসময়ই ক্লাসরুমগুলোতে যেখানে শিক্ষার্থীরা বেশীরভাগ সময় ব্যয় করে, কিন্তু আমাদের নিয়ম-কানুন উন্নত করতে অঙ্গীকারবদ্ধ এবং সবার জন্য ব্যবহারের জায়গাগুলোতে আমাদের কাজ সম্প্রসারণ করেছি। পরবর্তী মাসের শুরুতে, বাথরুম, জিমনেসিয়াম এবং অডিটোরিয়ামগুলোতে আমাদের পর্যবেক্ষণ সম্প্রসারণ করছি।

যদিও 1960 সালে নিউ ইয়র্ক সিটিতে সীসা-ভিত্তিক পেইন্ট ব্যবহার নিষিদ্ধ করা হয়েছে, তবুও আমরা বাড়তি পূর্ব-সতর্কতা হিসেবে ঐ নিষেধাজ্ঞার 25 বছর পরে নির্মিত বিল্ডিংগুলিও অন্তর্ভুক্ত ও পর্যবেক্ষণ করি। তিন বছরের কম বয়সী শিশুরা সীসা (লেড) জনিত স্বাস্থ্যগত সমস্যায় সবচেয়ে বেশি দুর্বল এবং অরক্ষিত, এবং তিন বছরের কম বয়সী শিশুরা তাদের থেকে অধিক বয়সী ছেলেমেয়েদের চেয়ে বেশি ঝুঁকির সম্মুখীন।

আমাদের প্রতিক্রিয়ার নীতি ছেলেমেয়েদের নিরাপদ রাখে, এবং বছরজুড়ে DOE এই কাজের তত্ত্বাবধান এবং স্বচ্ছতা বৃদ্ধি করেছে। একটি কেন্দ্রীয় ড্যাটাবেজ অনলাইনে পাওয়া যায়, এবং স্টাফ অথবা পিতামাতা যেকোন উঠে আসা রং অনলাইনের মাধ্যমে [24/7, schools.nyc.gov/lead-based-paint](http://24/7.schools.nyc.gov/lead-based-paint) -এই ওয়েবসাইটে রিপোর্ট করতে পারে।

সীসা (লেড) দূরীকরণে আমাদের অব্যাহত প্রয়াস সম্পর্কে আপনার কোনও প্রশ্ন থাকলে অনুগ্রহ PaintTesting@schools.nyc.gov -ইমেইলে আমাদের সাথে যোগাযোগ করতে দ্বিধা করবেন না।

বিনীত,

অফিস অভ দ্যা COO